গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র প্ল্যানারের কার্যালয়
নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস
সিলেট সিটি কর্পোরেশন ভবন (৫ম তলা), তোপখানা, সিলেট

বিষয় : নগর উন্নয়ন অধিদপ্তরের সিলেট আঞ্চলিক অফিসের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর সংযোজনী-৬ এর ৪.১১ কার্যক্রমের আওতায় ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
তারিখ : ১৪/১২/২০২২ খ্রিঃ
সময় : সকাল ৯:৩০ ঘটিকা
স্থান : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
উপস্থিতি : তালিকা সংযুক্ত

সভার শুরুতে নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট এর সিনিয়র প্ল্যানার ও অত্র অফিস এর ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভার সভাপতি জনাব শাহীন আহম্মেদ, সিনিয়র প্ল্যানার, উপস্থিত কমিটির সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ৪র্থ শিল্প বিপ্লব বা ইন্ডাস্ট্রি ৪.০ এর প্রাথমিক ধারণা সম্পর্কে ১টি PPT উপস্থাপন করেন। তিনি সভাকে জানান যে, ৪র্থ শিল্প বিপ্লব হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। তিনি পরবর্তীতে ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তিসমূহ; পরিকল্পনা নীতিসমূহ; সম্ভাব্য কার্যক্ষেত্রসমূহ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করেন। তিনি শিল্প বিপ্লবের উল্লেখ্যযোগ্য উদাহরণ (Best Practice) এবং প্রতিবন্ধকতাসমূহ তুলে ধরেন। তিনি প্রশিক্ষণার্থীদের ৪র্থ শিল্প বিপ্লবের যোগ্য কর্মী হিসেবে গড়ে ওঠার আহবান জানান। তিনি অত্র সভায় প্রদর্শিত PPT টি সিলেট আঞ্চলিক অফিসের তথ্য বাতায়নভুক্ত ওয়েবসাইটে (www.udd.sylhet.gov.bd) এর "ইনোভেশন/উদ্ভাবনী কার্যক্রম" সেবাবক্সের "ইনোভেশন/উদ্ভাবনী সম্পর্কিত অফিস আদেশ/প্রশিক্ষণ/প্রতিবেদনসমূহ" লিংকে আপলোড করা আছে বলে জানান। অতঃপর তিনি সভার অন্যান্য সদস্যদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার আহবান জানান। সভায় অন্যান্য আলোচনার পর সর্বসম্মতিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

১। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে ৪র্থ শিল্প বিপ্লব বিষয়ে ২য় অবহিতকরণ সভা এপ্রিল ২০২৩ এ আয়োজন করা হবে।

২। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সকলকে সম্পর্কে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।

- আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভা সমাপ্তি ঘোষণা করেন।

Shaheen Ahmed 14/12/2022

(শাহীন আহম্মেদ)
সিনিয়র প্ল্যানার
ও
সভাপতি
৪র্থ শিল্প বিল্পব সম্পর্কিত অবহিতকরণ কমিটি
নগর উন্নয়ন অধিদপ্তর
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট

## ৪র্থ শিল্প বিপ্লব সংক্রান্ত অবহিতকরণ ১ম সভার উপস্থিতির তালিকা

স্থান : নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট
তারিখ : ১৪/১২/২০২২ খ্রিঃ
সময় : সকাল ৯:৩০ ঘটিকা

| ক্র: নং: | কর্মকর্তা/কর্মচারীর নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১। | জনাব শাহীন আহম্মেদ | সিনিয়র প্ল্যানার | Shaheen Ahmed 14/12/2022 |
| ২। | জনাব বাদশা মিয়া | অফিস সহঃ কাম কম্পিঃ মুদ্রাঃ | বাদশা মিয়া ১৪/১২/২০২২ |
| ৩। | জনাব মোঃ নুরুজ্জামান ভূইয়া | রেখাকার | [illegible] ১৪/১২/২০২২ |
| ৪। | জনাব মো: রুবেল হোসেন | সার্ভেয়ার | [illegible] ১৪/১২/2022 |